তারিখ : 24/08/2015

# আরবিআই কর্তৃক খরগন নাগরিক সহকারি ব্যাঙ্ক মর্যাদিত, খরগন-এর ওপর আর্থিক দন্ড আরোপ

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক ব্যাঙ্কিং রেগুলেশন এ্যাক্ট, 1949-এর (সমবায় সমিতির ক্ষেত্রে যেমন প্রযোজ্য) ধারা 47এ (1)বি সঙ্গে পঠিত ধারা 46 (4)-এর অধীনে ন্যস্ত ক্ষমতাবলে খরগন নাগরিক সহকারি ব্যাঙ্ক মর্যাদিত, খরগন-এর ওপর ₹ 1.00 লাখ (এক লাখ টাকা মাত্র)আর্থিক দন্ড আরোপ করেছে আপনার গ্রাহককে জানুন প্রথা (কেওয়াইসি)/অর্থ শোধন প্রতিরোধ (এএমএল) প্রথা প্রয়োগে এবং সময়মত সঠিক অনুপালন রিপোর্ট জমা এবং অনুদান মঞ্জুর করার ক্ষেত্রে আরবিআই নির্দেশ/গাইডলাইন লঙ্ঘন করার জন্য।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক ব্যাঙ্কটিকে একটি শোকজ নোটিস ধরিয়েছে, যার উত্তরে ব্যাঙ্কটি একটি লিখিত জবাব পাঠিয়েছে। বিষয়টি বিবেচনা করার পরে এবং এই বিষয়ে ব্যাঙ্কের জবাবের পরে, রিজার্ভ ব্যাঙ্ক এই সিদ্ধান্তে এসেছে যে লঙ্ঘন অনুপাতে ধার্য আর্থিক দন্ড ন্যায্য এবং উপযুক্ত।

**সঙ্গীতা দাস**
নির্দেশক

**প্রেস বিজ্ঞপ্তি** : **2015-2016/477**